

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)

ওয়েব সাইট : [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

ই-মেইল : [dteadvoc@gmail.com](mailto:dteadvoc@gmail.com)


স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.১৮.৩২৩.১৬.৬৭০

তারিখ : ২৫/০২/২০১৭ খ্রিঃ

বিষয় : সর্তক করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজের ট্রাফট ইন্সট্রাক্টর (ল্যাব) পূর্বতন ল্যাবরেটরী বিয়ারার জনাব বরুণ কুমার গুহ রায় এর বিরুদ্ধে কারণ দর্শানোর জবাব পাওয়া গেছে। তার জবাব সন্তোষজনক হয়েছে বলে প্রতীয়মান হয়নি।

- ২। তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ছাড়াই সরাসরি বিভিন্ন আবেদন ও অভিযোগ মন্ত্রণালয় ও কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করেন। জাতীয় সংসদ সদস্যসহ বিভিন্ন পর্যায়ে তদবির করেন এবং অধিদপ্তরের পরিচালক, কর্মকর্তা ও কর্মচারীদের নামে তাচ্ছিল্য করে মনগড়া অভিযোগ প্রদান করেন। কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের ই-মেইলে বিভ্রান্তিকর পত্র ও কাগজ পত্র প্রেরণ করেন। এসব অভিযোগের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.১৮.৩২৩.১৬/৪৯, তারিখ : ০৯/০১/২০১৭ খ্রিঃ মূলে কৈফিয়ৎ তলব করা হয়। জবাবে তিনি তার ক্ষুদ্র জ্ঞানের কারণে বিভিন্ন সময়ে অনিচ্ছাকৃত ভুল/ত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা করেছেন এবং ভবিষ্যতে এ ধরনের ভুলের পূণরাবৃত্তি হবে না মর্মে অঙ্গীকার করেছেন।
- ৩। এমতাবস্থায়, তাকে সরকারী বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করার নির্দেশ প্রদান হলো এবং এ বিষয়ে প্রথমবারের মতো কঠোরভাবে সর্তক করা হলো। ভবিষ্যতে এ ধরনের ভুলের পূণরাবৃত্তি হলে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(মোঃ মিজানুর রহমান)  
২৫.২.২০১৭  
যুগ্ম-সচিব  
পরিচালক(ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

জনাব বরুণ কুমার গুহ রায়  
ট্রাফট ইন্সট্রাক্টর (ল্যাব)  
নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ  
নীলফামারী।  
পিআইএমএস আইডি নং-৬৪৪৬১০০৩৪০

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ, নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ, নীলফামারী (চাকুরি বহিতে লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো)।  
ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।